



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড
(বিটিসিএল)
প্রধান কার্যালয়
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন,
ঢাকা-১০০০
<http://www.btcl.gov.bd> | বিটিসিএল.বাংলা



নম্বর: ১৪.৩৩.০০০০.০২৬.১১.০০২.২৩.১৪

তারিখ: ১৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	গ্রেড ও বেতন-স্কেল (বিটিসিএল)
০১	হিসাবরক্ষক পদসংখ্যা- ৩৪ (টোল্ড্রিশ) টি	সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে একাউন্টিংসহ বাণিজ্য বিভাগে ৪ বছরের স্নাতক ডিগ্রি। ন্যূনতম সিজিপিএ ২.০ (৪ স্কেল), মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে ন্যূনতম সিজিপিএ-৩.০ (৫ স্কেল)	গ্রেড-৯ (১৬,৫২০৮- ৪১,৭৪৫৮) এবং অন্যান্য সুবিধাদি
০২	টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদসংখ্যা- ৯৭ (সাতানব্বই) টি	কোন স্বীকৃত ইন্সটিটিউট থেকে বেতার/বৈদ্যুতিক/যান্ত্রিক শীতাতপ-এ বৃত্তিমূলক প্রশিক্ষণসহ এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	গ্রেড-১০ (১৪,৫৬০৮- ৩৬,৭৯২৮) এবং অন্যান্য সুবিধাদি

প্রয়োজনীয় শর্তাবলি:

- ক্রমিক নং ১ এবং ২ এর প্রার্থীর ছকে বর্ণিত যোগ্যতা থাকতে হবে।
- বিটিসিএল প্রধান কার্যালয় হতে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং: ১৪.৩৩.০০০০.০২৬.১১.০০২.২৩.৩ তারিখঃ ৩০-১০-২০২৩ খ্রি. এর প্রেক্ষিতে ছকে বর্ণিত পদ ২(দুই)টিতে প্রার্থীদের কৃত আবেদন বহাল থাকায় "ইতোপূর্বে আবেদনকারীদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই"।
- বিভাগীয় প্রার্থী ব্যতিত সকল পর্যায়ের আবেদনকারীর বয়স আবেদন করার শেষ তারিখে সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর হতে পারবে। তবে, বিটিসিএল এর কর্মে নিয়োজিত আছেন এমন যোগ্য কোন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা আবেদন করার শেষ তারিখে সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/অ্যাক্রিডিটেড গ্রহণযোগ্য হবে না।
- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিল করতে হবে এবং টেলিটক মোবাইলের মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে হবে। পরীক্ষা ফি বাবদ প্রার্থীগণকে অফেরতযোগ্য ৮০০/= (আটশত) টাকা প্রদান করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদানের বিস্তারিত নিয়মাবলী বিটিসিএল এর ওয়েবসাইট btcl.portal.gov.bd এ পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। বিটিসিএল এর কোন দপ্তরে সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- আবেদনকারীগণকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার নম্বর ৮০(আশি)। লিখিত পরীক্ষায় পাস নম্বর হবে ৪০(চল্লিশ)।
- মৌখিক পরীক্ষার নম্বর ২০(বিশ)। মৌখিক পরীক্ষার পাস নম্বর ১০(দশ)। কোন প্রার্থী মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে তিনি চূড়ান্তভাবে অকৃতকার্য হয়েছেন বলে বিবেচিত হবেন।
- লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বিটিসিএল এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিতরা মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় মোবাইল ফোনে এস.এম.এস এর মাধ্যমে নোটিফিকেশন পাবেন।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারি, আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত, তাঁদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অনাপত্তি ছাড়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। মৌখিক পরীক্ষার সময় শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদ ও নম্বর পত্র অবশ্যই প্রদর্শন করতে হবে।
- লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র ও নম্বর গোপনীয় হিসেবে গণ্য হবে এবং কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে সেগুলো প্রদর্শন বা প্রদান করা হবে না। লিখিত পরীক্ষার উত্তরপত্র পুনঃপরীক্ষণ বা পুনঃনিরীক্ষণের কোন সুযোগ নেই।
- মৌখিক পরীক্ষার নম্বর গোপন থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা এতৎসংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে পরিচালনা পর্যদ কর্তৃক এ উদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা পর্যদ বা চিকিৎসা কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্যগতভাবে উপযুক্ত

বলে প্রত্যাশিত হতে হবে।


১৪. নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ কোম্পানির চাকরিতে নিয়োগলাভের জন্য উপযুক্ত কিনা তা যথাযথ এজেন্সির মাধ্যমে প্রতিপাদন করা হবে।

১৫. নিয়োগলাভের পর যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশি হিসেবে থাকতে হবে।

১৬. বিটিসিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১৭. আবেদনকারী কর্তৃক প্রদানকৃত ভুল তথ্যের ক্ষেত্রে আবেদনকারীর দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিলের ক্ষমতা বিটিসিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮. নিয়োগের আবেদন ০৫/০১/২০২৫ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে শুরু করে ১৯/০১/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা এর মধ্যে সম্পন্ন করতে হবে।



৩১-১২-২০২৪

মোঃ খালেদ মামুন

জিএম (আর এন্ড টি)

০২৪১০৩০১০৬

gm.rnt@btcl.gov.bd

জিএম , এমডি এর সচিবালয়, বিটিসিএল (বিটিসিএল ওয়েবসাইট ও ফেসবুক পেজে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ), ।

